

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.lrb.gov.bd

স্মারক নং- ৩১.০২.০০০০.০০০.০১১.০৯.০০০১.২৪.১৯৩


তারিখ: ০৯ বৈশাখ ১৪৩৩
২২ এপ্রিল ২০২৬

নোটিশ

ভূমি সংস্কার বোর্ডের এপ্রিল/২০২৬ মাসের মাসিক সমন্বয় সভা আগামী ২৩ এপ্রিল ২০২৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা-১১.০০ ঘটিকায় চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ভূমি সংস্কার বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ২২-০৪-২০২৬ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে প্রশাসন শাখায় প্রেরণপূর্বক উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তাগণ উক্ত সভায় অনলাইনে (জুমে) যুক্ত হবেন।

সমন্বয় সভার আলোচ্যসূচিঃ

- ১। গত মাসের কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ
- ২। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
- ৩। বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণের কার্যক্রম পর্যালোচনা
- ৪। ভূমি উন্নয়ন কর আদায়ের অগ্রগতির বিষয়ে পর্যালোচনা
- ৫। বিষয়ভিত্তিক আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
- ৬। বিবিধ


(শ্রাবণী রায়)

সহকারী ভূমি সংস্কার কমিশনার-০১
(সিনিয়র সহকারী সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন: ০২-৪১০১০৪৫৩
ই-মেইল-alrc1@lrb.gov.bd

বিতরণ:

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় জ্ঞাতার্থে)।
২. সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, অটোমেশন প্রকল্প, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৫. উপ-ভূমি সংস্কার কমিশনার- ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ।
৬. ম্যানেজার, কোর্ট অব ওয়ার্ডস: (ঢাকা নওয়াব এস্টেট/ভাওয়াল রাজ এস্টেট), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৭. সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৮. চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সহকারী ভূমি সংস্কার কমিশনার-২, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (উক্ত সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধসহ)
১০. হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
১১. সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১২. প্রশাসনিক কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড/ ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১৩. নোটিশ বোর্ড/ অফিস কপি।